

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৮৯
বিশ্বামগঞ্জ, ১ নভেম্বর, ২০২৩

সিপাহীজলা জেলায় রাষ্ট্রীয় একতা দিবস

সিপাহীজলা জেলায় গতকাল রাষ্ট্রীয় একতা দিবস পালন করা হয়। এ উপলক্ষে সিপাহীজলা চিড়িয়াখানা গেইট থেকে বিশালগড় মহকুমা শাসক কার্যালয় প্রাঙ্গণ পর্যন্ত রান ফর ইউনিটি অনুষ্ঠিত হয়। সবুজ পতাকা নেড়ে এই রান ফর ইউনিটি সূচনা করেন সিপাহীজলা জেলার পুলিশ সুপার বি জে রেড্ডী। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র দত্ত সহ বিশিষ্ট জনেরা। রান ফর ইউনিটির দৌড়ে অংশগ্রহণকারী ৩ জনকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পুরস্কারে পুরস্কৃত করা হয়। রান ফর ইউনিটি শুরুর আগে সিপাহীজলা চিড়িয়াখানা গেইট প্রাঙ্গণে রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষে সকলকে শপথ বাক্য পাঠ করানো হয়।
